

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.০১.০১৫.২০১৭-১৮০

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০১৮ খ্রি:

প্রেরক: মো: ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানাপল্টন, ঢাকা।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, “বঙ্গবন্ধু ওভারসিস ফ্লোরশিপ” পুনরায় চালুকরণের জন্য চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরিচালন বাজেটে “৩-১২৫০১০১-১৩৭৯৫২-৩৯১১১১১-সাধারণ খোক বরাদ্দ” খাতে বরাদ্দকৃত ৫১৩,৪২৩২ কোটি (পাঁচশত তের কোটি বিয়াল্লিশ লক্ষ বত্রিশ হাজার) টাকা হতে ১ম বছরের জন্য ১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকা নিম্নোক্ত বিভাজন ও শর্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয় কমিশনের অনুকূলে ছাড় করতে সরকার সম্মত হয়েছে:

ক্রমিক নং	বিবরণ	শিক্ষক সংখ্যা	২০১৮-১৯ অর্থবছরের মোট বরাদ্দ
১	মাস্টার্স প্রোগ্রাম	৭ জন শিক্ষক	৩,০০,০০,০০০/-
২	পিএইচ.ডি প্রোগ্রাম	২৭ জন শিক্ষক	১২,০০,০০,০০০/-
		সর্বমোট=	১৫,০০,০০,০০০/-

শর্তসমূহ:

- (ক) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে;
(খ) অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন, ২০১৯ তারিখেই মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
(গ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে জন্য সংশ্লিষ্ট বায় নির্বাহকারী কর্মকর্তা দায়ী থাকবেন।

২। এ ব্যয় চলতি ২০১৮-১৯ অর্থবছরের পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন “৩-১২৫০১০১-১৩৭৯৫২-৩৯১১১১১-সাধারণ খোক বরাদ্দ” হতে এ ব্যয় মিটানো হবে।

৩। ১ম বছরের জন্য ছাড়কৃত ১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকা সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা বিলের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা)-এর প্রতিস্বাক্ষরে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা হতে উত্তোলন করতে পারবেন।

০৪। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় গত ২৭/০৬/২০১৮ তারিখেঃ ০৭.০০.০০০০.১০২.০২০.০৩৫.২০১৫-৩৫৯ নং স্মারকে প্রেরিত পত্রের প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

৩৪/১/

(মো: ফজলুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫১২২০৫

ই-মেইল: moebudgetsection@gmail.com

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.০১.০১৫.২০১৭-১৮০/১(৮)

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০১৮ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত সচিব(বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। উপসচিব (বাজেট অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব (বাজেট অধিশাখা-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক (অর্থ ও হিসাব), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: ফজলুর রহমান)

সিনিয়র সহকারী সচিব